# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭১৭

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - বসা, ঘুমানো ও চলাফেরা করা

## আরবী

وَعَنْ بَعْضِ
آلِ أُمِّ سَلَمَةَ قَالَ: كَانَ فِرَاشُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَحْوًا مِمَّا يُوضَعُ فِي قَبْرِهِ وَكَانَ الْمَسْجِدُ عِنْد رَأسه. رَوَاهُ أَبُو دَاوُد

## বাংলা

৪৭১৭-[১১] উম্মু সালামাহ্ (রাঃ)-এর বংশধরদের কতিপয় ব্যক্তি হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বিছানা এরূপ কাপড়ের ছিল, যেরূপ কাপড়ে তাঁকে কবরে রাখা হয়েছিল, আর মসজিদ তাঁর শিয়রের কাছেই ছিল। (আবূ দাঊদ)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ৫০৪৪।

হাদীসটি য‘ঈফ হওয়ার কারণ আলবানী (রহিমাহুল্লাহ) বলেনঃ হাদীসটির বর্ণনাকারীগণ বিশ্বস্ত, তবে ত্রুটিযুক্ত। এটা আমার নিকট ত্রুটিযুক্ত। হাদীসটি উম্মু সালামাহ্ (রাঃ)-এর পরিবারের কতিপয় ব্যক্তি থেকে আবূ ক্বিলাবাহ্ বর্ণনা করেছেন। এই কতিপয় ব্যক্তি যদি সাহাবী হয় তবে তার থেকে তার শ্রবণ তিনি উল্লেখ করেননি। তাদেরকে তার তাদলীস সুপরিচিত। আর যদি সে তাদের থেকে না শুনে তবে সে একজন মুরসাল বর্ণনাকারী। আর এটাই আমার নিকট স্পষ্ট হয়েছে। দেখুন- হিদায়াতুর্ রুওয়াত ৪/৩৪২ পৃঃ।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ অত্র হাদীসের মাধ্যমে বুঝা যায় যে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জীবন যাপন ছিল সাধারণ। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কখনো বিলাসীভাবে জীবন যাপন করা পছন্দ করতেন না। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কখনো এমন পোশাক পরিধান করতেন না যার মাধ্যমে মনের মাঝে অহংকার সৃষ্টি হয়।

তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সাধারণ পোশাক-পরিচ্ছেদ পরিধান করে জীবন যাপন করতেন। যেরূপ সাধারণ পোশাকে তাঁকে দাফন করা হয়েছিল। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75441

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন